গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-৪ শাখা
www.emrd.gov.bd

**নম্বর:** ২৮.০০.০০০০.০০০.০২৯.৫০.০০০৭.২১.৩১৯

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**পরিপত্র**

বিষয়: **নতুন গ্যাস সংযোগ প্রদান ও লোড বৃদ্ধিকরণ**

সূত্র: (১) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৯.০৬.০১৩.১৯.-১৩৯, তারিখ: ৩১-৮-২০২১
(২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৯.১০.০০৩.১৯-৪৩, তারিখ: ১১-৩-২০২১
(৩) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৮.০৬.০০১.১৯-১০২, তারিখ: ১৫-৫-২০১৯
(৪) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৮.০৬.০০১.১৯-১২৬, তারিখ: ২২-৭-২০১৯
(৫) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৯.১০.০৪৬.১৯-১৬৭, তারিখ: ২৭-১১-২০১৯
(৬) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৮.৩৫.০১৫.১৫-৩৮৪, তারিখ: ০৭-১০-২০১৫
(৭) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-২৮.০০.০০০০.০২৮.৩৫.০১৫.১৫-৩০৭, তারিখ: ১০-৮-২০১৫
(৮) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-জ্বাখসবি/উঃ-২/গ্যাস-৯/২০০৯-৬৪১, তারিখ: ২১-৭-২০০৯

নতুন গ্যাস সংযোগ প্রদান ও লোড বৃদ্ধিকরণ সংক্রান্ত বিষয়ে ইতঃপূর্বে বিভিন্ন সময়ে জারিকৃত সূত্রোক্ত পত্রসমূহ একীভূত করে এবং ক্ষেত্র বিশেষে আংশিক সংশোধনক্রমে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে এ পরিপত্র জারি করা হলো:

(১) নতুন গ্যাস সংযোগের ক্ষেত্রে শিল্প, বিদ্যুৎ ও সার কারখানাকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
(২) ক্যাপটিভ শ্রেণিতে-

(ক) গ্যাস সংযোগের আবেদনের ক্ষেত্রে ১০ মেগাওয়াট এর বেশি ক্ষমতাসম্পন্ন কোনো পাওয়ার প্ল্যান্টকে অনুমোদন দেওয়া যাবে না;

(খ) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে মানসম্পন্ন বিদ্যুৎ (Quality Power) সরবরাহ নিশ্চিত করা সম্ভব না হলে, ক্ষেত্র বিশেষে কোজেনারেশন/ট্রাইজেনারেশনের মাধ্যমে জ্বালানি দক্ষতা ৭০% এর অধিক নিশ্চিত হলে উক্ত শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ প্রদান করা যাবে। অন্যথায় ক্যাপটিভ শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদান করা যাবে না;

(৩) সিএনজি ফিলিং স্টেশনে নতুন গ্যাস সংযোগ প্রদান পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী স্থগিত রাখতে হবে;

(৪) বেসরকারি পর্যায়ে এলপিজি'র সহজলভ্যতা এবং ব্যবহার দ্রুত বৃদ্ধির কারণে গৃহস্থালি ও বাণিজ্যিক শ্রেণিতে নতুন গ্যাস সংযোগ প্রদান পূর্বের ন্যায় স্থগিত রাখতে হবে। তবে সরকার বিশেষ প্রয়োজনে হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং কারাগারের বিষয়টি বিবেচনা করতে পারে;

(৫) ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরিকল্পিত শিল্প অঞ্চল ব্যতীত অন্য কোনো স্থানে শিল্প শ্রেণিতে গ্যাস সংযোগ প্রদানের বিষয়টি স্থগিত রাখতে হবে;

(৬) সকল বিতরণ কোম্পানিতে প্রাপ্ত লোড বৃদ্ধি এবং নতুন গ্যাস সংযোগের আবেদনসমূহ কোম্পানির গ্যাস প্রাপ্তির সঙ্গে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিষ্পত্তি করতে হবে;

(৭) অর্থনৈতিক অঞ্চলসমূহে গ্যাস সংযোগের উদ্দেশ্যে পাইপলাইন স্থাপনসহ অন্যান্য কার্যক্রমে অগ্রাধিকার প্রদান করতে হবে;


(৮) অর্থনৈতিক অঞ্চল ছাড়া যেখানে সেখানে অপরিকল্পিতভাবে শিল্প স্থাপন নিরুৎসাহিত করার লক্ষ্যে শিল্প উদ্যোক্তাগণকে অর্থনৈতিক অঞ্চলে শিল্প স্থাপনসহ বিনিয়োগের পরামর্শ প্রদান করতে হবে;

(৯) গ্যাস নির্ভরশীলতা পরিহার করে বিদ্যুৎ সেক্টরসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের জন্য বিকল্প জ্বালানি উৎসের প্রসার ও বিকল্প জ্বালানি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে কার্যক্রম গ্রহণ করতে হবে।

সংযুক্তি: ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১
(২) ২
(৩) ৩
(৪) ৪
(৫) ৫
(৬) ৬
(৭) ৭
(৮) ৮




২৩-০৭-২০২৫
মুহাম্মদ নাজমুল হক
উপসচিব
+৮৮০২৫৫১০০২৬৯
opsec4@emrd.gov.bd


**বিতরণ :**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৩। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।
৭। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), ব্যবস্থাপনা পরিচালক-এঁর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড।
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠাতার ক্রমানুসারে নয়)

১। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, প্রধান উপদেষ্টার কার্যালয়।

২। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

৩। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

৪। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৬। অতিরিক্ত সচিব, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।

৮। উপদেষ্টার একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উপদেষ্টার দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৯। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (পরিপত্রটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২৩-০৭-২০২৫
মুহাম্মাদ নাজমুল হক
উপসচিব